

বরাবর,

নির্বাহী প্রকৌশলী
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ভোলা।

Accepted.
10.08.2022

বিষয়ঃ পদায়নকৃত কর্মস্থলে "সহকারী প্রকৌশলী (সিভিল)" পদে যোগদান প্রসঙ্গে।

মহোদয়,

যথাবিহিত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৬ জুলাই ২০২২ তারিখের ৩৭.০০.০০০০.০৮৩.১১.০৮৪.১৭ (অংশ)-২৬৫ নং স্মারকমূলে আমাকে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের "সহকারী প্রকৌশলী (সিভিল)" পদে নিয়োগ প্রদান করা হয়েছে। উক্ত নিয়োগাদেশ মোতাবেক আমি ০১/০৮/২০২২ তারিখে পূর্বাঙ্কে সহকারী প্রকৌশলী (সিভিল) পদে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে যোগদান করেছিলাম। এরপর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের নং- ৩৭.০০.০০০০.০৮৩.১১.০৮৪.১৭ (অংশ)-২৬৯, তারিখ ০৪/০৮/২০২২ এর প্রজ্ঞাপনমূলে আমাকে বর্ণিত কর্মস্থলে পদায়নের লক্ষ্যে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকায় ন্যাস্ত করা হয়। পরে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ০৭/০৮/২০২২ তারিখের পত্র সংখ্যা ৩৭.০৭.০০০০.০০৮.৭২.০৫১.১২-৭৬৪ এর অফিস আদেশে আমাকে পদায়নকৃত কর্মস্থলে ১০/০৮/২০২২ তারিখের মধ্যে যোগদান করার জন্য প্রধান কার্যালয়, ঢাকা হতে ০৭/০৮/২০২২ তারিখে অপরাঙ্কে অবমুক্ত করা হয়। উক্ত অফিস আদেশ মোতাবেক আমি অদ্য ১০/০৮/২০২২ তারিখ পূর্বাঙ্কে সহকারী প্রকৌশলী (সিভিল) পদে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের, ভোলা নির্বাহী প্রকৌশলী কার্যালয়ে যোগদান করলাম।

অতএব, আমার যোগদান পত্র গ্রহণপূর্বক পরবর্তী সদয় কার্যব্যবস্থা গ্রহণে মহোদয়ের মর্জি হয়।

তারিখঃ ১০ আগস্ট ২০২২।

বিনীত নিবেদক

খগেন্দ্র চাকমা

সহকারী প্রকৌশলী (সিভিল)
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
ভোলা

সংযুক্তিঃ

১/নিয়োগ প্রজ্ঞাপন

২/পদায়ন প্রজ্ঞাপন

৩/অফিস আদেশ

৪/মেডিকেল সার্টিফিকেট